



প্রেস রিলিজ

কৃষিবিদ অস্ট্রেলিয়া-র ২২তম বার্ষিক বনভোজন ২০১৬

সৈয়দ সিরাজুল ইসলাম (সিরাজ), জন-সংযোগ সম্পাদক: সিডনির নয়নাভিরাম বোটানী বে-র তীর ঘেঁষে ডলস পয়েন্টের মনোরম পরিবেশে গত ৬ই নভেম্বর ২০১৬ অনুষ্ঠিত হয়েছে কৃষিবিদ অস্ট্রেলিয়া-র ২২তম বার্ষিক বনভোজন ২০১৬। গত একমাস ধরে বার্ষিক ইনডোর স্পোর্টস এবং বিভিন্ন আয়োজনের মধ্যে দিয়ে শেষ হলো কৃষিবিদ অস্ট্রেলিয়া-র বার্ষিক বনভোজন। দুইশ'র ও বেশি কৃষিবিদ এবং তাঁদের পরিবারের সদস্যদের উপস্থিতিতে ডলস পয়েন্টের সবুজ চতুর মুখরিত হয়ে ওঠে সকাল দশটা থেকে। অতিথিদের আগমনে সাড়ে ১১ টায় সিঙ্গাড়া, চা, কফি দিয়ে সকালের আয়োজন শুরু হয়। বেলা ১২ টায় ক্রীড়া সম্পাদক জাহেরুল ইসলামের পরিচালনায় বাচ্চাদের খেলা ধূলা শুরু হয় এবং তারপরে পুরুষ ও মহিলাদের খেলা ধূলার মাধ্যমে বেলা ১ টায় এই পর্ব শেষ হয়।



যোহরের নামাজের পরে দ্বিতীয় পর্বে বেলা দেড়টায় মধ্যাহ্ন ভোজের আয়োজন করা হয়। সাংস্কৃতিক সম্পাদক এ এফ এম ফারুকের তত্ত্বাবধানে সাংস্কৃতিক অনুষ্ঠানে বাচ্চারা এবং বড়ো কবিতা, গান ইত্যাদি পরিবেশন করেন। বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতায় বিজয়ীদের মধ্যে পুরস্কার বিতরণ করেন জাহেরুল ইসলাম এবং জিয়াউল হক বাবলু। এর পরে উপস্থিত অতিথিদের মধ্য থেকে ডঃ কাহিউম পারভেজ কৃষিবিদ অস্ট্রেলিয়ার সফল আয়োজনকে শুভেচ্ছা জানান। উত্তেজনাপূর্ণ রাফেল ড্রেতে বিজয়ীদের মাঝে পুরস্কার প্রদান করেন সাধারণ সম্পাদক ডঃ মাসুদ পারভেজ এবং তাঁর সংক্ষিপ্ত বক্তব্যে উপস্থিত কৃষিবিদ এবং তাঁদের পরিবারের সবাইকে বার্ষিক বনভোজনে অংশ গ্রহণের জন্য ধন্যবাদ জানান। কৃষিবিদ অস্ট্রেলিয়ার সভাপতি ডঃ মাকসুদুল বারী সবাইকে ধন্যবাদ জানিয়ে বিকাল ৫ টায় অনুষ্ঠানের সমাপ্তি ঘোষণা করেন।

